

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন (৯ম তলা), প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
ফোন নং: ৪১০২৪৬৮৬, ৪১০২৪৬৭৪
www.frc.gov.bd

স্মারক নং. ১৭৭/এফআরসি/এপিআর/২০২৬/৪৬০

তারিখ: ২৫ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি ও নবায়ন (২০২৫-২০২৬ অর্থবছর) সনদ বিতরণ

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরের সুপারিশকৃত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মসমূহের তালিকা এফআরসি'র তালিকাভুক্তি পোর্টালে (<https://enlistment.frc.gov.bd>) প্রকাশ করা হয়েছে। যেসকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম এফআরসি-তে ইতোমধ্যে তালিকাভুক্ত হয়েছে তাদের তালিকাভুক্তি ও নবায়ন সনদ ইস্যু করা হয়েছে।

এমতাবস্থায়, ২০২৫-২০২৬ অর্থবছরে তালিকাভুক্ত সকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মকে তাদের User ID এবং Password ব্যবহারপূর্বক Login করে ১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ এর মধ্যে অনলাইনে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে তালিকাভুক্তি ও নবায়ন সনদ ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর তফসিল-২ এ বর্ণিত সনদ (তালিকাভুক্তি ও নবায়ন) ফি ১,০০০/- (এক হাজার) টাকা এর সাথে ১৫% ভ্যাটসহ মোট ১,১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা সনদ ডাউনলোড করার সময় অনলাইনে প্রদর্শিত হবে। এ ক্ষেত্রে কোন ধরনের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য নয়।

বিঃ দ্রঃ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর ফরম ১ এবং ফরম ২ অনুযায়ী চলতি বছরের তালিকাভুক্তি সনদ নবায়ন আবেদনের ক্ষেত্রে বিগত বছরের তালিকাভুক্তি বা নবায়ন সনদ জমা প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। সুতরাং, নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরে তালিকাভুক্তি সনদ নবায়ন আবেদনের ক্ষেত্রে ২০২৫-২০২৬ অর্থবছরের তালিকাভুক্তি বা নবায়ন সনদ জমা প্রদান করতে হবে।

যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লেখিত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১৮১০১৫৬৩৫৬, ০১৮১০১৫৬৩৫২

Scan for Login to Enlistment Portal




সভাপতি

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম
তালিকাভুক্তি বাছাই কমিটি